# মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ১৯২৪

পর্ব-৬: যাকাত (كتاب الزكاة)

পরিচ্ছেদঃ ৬. তৃতীয় অনুচ্ছেদ - সদাক্বার মর্যাদা

আরবী

عَنْ أَبِي ذَرٍّ قَالَ: قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: «مَا مِنْ عَبْدٍ مُسْلِمٍ يُنْفِقُ مِنْ كُلِّ مَالٍ لَهُ زَوْجَيْنِ فِي سَبِيلِ اللَّهِ إِلَّا اسْتَقْبَلَتْهُ حَجَبَةُ الْجَنَّةِ كُلُّهُمْ يَدْعُوهُ إِلَى مَا عِنْدَهُ» . قُلْتُ: وَكَيْفَ ذَلِكَ؟ قَالَ: «إِنْ كَانَتْ إِبِلًا فَبَعِيرَيْنِ وَإِنْ كَانَت بقرة فبقرتين» . رَوَاهُ النَّسَائِيّ

বাংলা

১৯২৪-[৩৭] আবূ যার (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম ইরশাদ করেনঃ যে মুসলিম বান্দা তার ধন-সম্পদ থেকে দু’ দু’টি (জোড়া) আল্লাহর পথে খরচ করে, জান্নাতের সকল প্রহরী তাকে অভ্যর্থনা জানাবে। তাকে তাদের কাছে রক্ষিত জিনিসের দিকে ডাকবে। আবূ যার (রাঃ) বলেন, আমি বললাম, ’দু’ দু’টি অর্থ কী? তিনি (সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম) বললেনঃ যদি তাঁর কাছে উট থাকে তাহলে দু’ দু’টি করে উট আর যদি গরু থাকে, তাহলে দু’ দু’টি করে গরু (দান করবে)। (নাসায়ী)[1]

ফুটনোট

[1] সহীহ : নাসায়ী ৩১৮৫, আহমাদ ২১৩৪১, সিলসিলাহ্ আস্ সহীহাহ্ ৫৬৭, সহীহ আল জামি‘ আস্ সগীর ৫৭৭৪।

ব্যাখ্যা

ব্যাখ্যা: হাদীসে ‘‘ফী সাবীলিল্লা-হ’’ বা আল্লাহর পথে বলতে আল্লাহর সন্তুষ্টির উদ্দেশে দান করাকে বুঝানো হয়েছে। মালায়িকাহ্’র (ফেরেশতাগণের) নিকট রয়েছে মহান ও বড় বড় নি‘আমাত (পুরস্কার) এবং জাঁকজমকপূর্ণ উপহার সামগ্রী।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=56484

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন